কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা
সংস্থাপন বিভাগ

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আনোয়ার ইমাম<br>সচিব, বিএডিসি |
| সভার তারিখ | : ১৬ সেপ্টেম্বর ২০২০ |
| সভার সময় | : বিকাল ৩.০০ ঘটিকা। |
| স্থান | : জুম ক্লাউড প্লাটফর্মে অনলাইন মিটিং। |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার (জিআরএস) বিষয়টি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতেও অর্ন্তভূক্ত রয়েছে। এর মাধ্যমে অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রতিটি সরকারি/আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রশাসনিক দায়িত্বের অবিচ্ছেদ্য অংশে পরিণত হয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থার বিষয়ে সভাপতি সংক্ষেপে সভায় সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মপরিচালক (সংস্থাপন) জনাব মোহাম্মদ জাকিরুল ইসলাম সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ১। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর পটভূমি, সংজ্ঞা, উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা, অভিযোগ দাখিল ও নিষ্পত্তি প্রক্রিয়া | যুগ্মপরিচালক (সংস্থাপন) পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জিআরএস এর পটভূমি, সংজ্ঞা, উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা, অভিযোগ প্রতিকার ব্যবস্থার অধিক্ষেত্র, অভিযোগের প্রকৃতি, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), আপিল কর্মকর্তা, অভিযোগ ব্যবস্থাপনা সেল, অভিযোগ দাখিল পদ্ধতি,আপিল দাখিল পদ্ধতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেলে অভিযোগ/আপিল দাখিল পদ্ধতি, অসত্য ও হয়রানিমূলক অভিযোগের বিষয়ে করণীয় সম্পর্কে আলোচনা করেন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর বিষয়ে আরও বিস্তারিত জানার জন্য সভাপতি ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫, পরিমার্জিত ২০১৮’ নির্দেশিকাটি সকলের সুবিধার্থে কার্যবিরণীর সাথে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংস্থাপন বিভাগ, বিএডিসি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২। | বিএডিসি'তে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা | যুগ্মপরিচালক (সংস্থাপন) জানান, বিএডিসি'র সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে প্রথমেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা'র সাথে যোগাযোগ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এর সঙ্গে যোগাযোগ করতে হবে। বিএডিসি'র ক্ষেত্রে অনিক হচ্ছেন সচিব, বিএডিসি।<br>অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নির্দিষ্ট সময়ের মধ্যে অথবা প্রাত্যাশিত সমাধান দিতে না পারলে আপিল কর্মকর্তার সাথে যোগাযোগ করতে হবে। বিএডিসি'র ক্ষেত্রে আপিল কর্মকর্তা হচ্ছেন চেয়ারম্যান, বিএডিসি।<br>আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ের মধ্যে অথবা প্রাত্যাশিত সমাধান দিতে না পারলে মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেলে অভিযোগ দেওয়া যাবে। অভিযোগ গ্রহণ কেন্দ্রঃ ৫ নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। অভিযোগ দাখিল ডাকযোগে অথবা অনলাইনে দু'ভাবেই করা যায়। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সম্পর্কিত কোন যৌক্তিক অভিযোগ আসলে তা অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কিত নির্দেশিকা মোতাবেক যথাসময়ে নিষ্পত্তির সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগীয়/দপ্তর প্রধান, বিএডিসি। |

<table>
<tr>
<td>৩।</td>
<td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অবহিত করণ বিষয়ে সভা অনুষ্ঠান সংক্রান্ত</td>
<td>সভায় যুগ্মপরিচালক (সংস্থাপন) জানান, বিগত ২৯ জুলাই ২০২০ তারিখে কৃষি সচিব মহোদয়ের সাথে চেয়ারম্যান, বিএডিসি মহোদয়ের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি অনুসারে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত মোট ০৪ (চারটি) সভা আয়োজনের নির্দেশনা রয়েছে।<br><br>যুগ্মপরিচালক (সংস্থাপন) মাঠ পর্যায়ের সেবাগ্রহিতা/অংশীজনদের সাথে কমপক্ষে ০৩ (তিন) টি সভা বীজ ও উদ্যান উইং, ক্ষুদ্রসেচ উইং ও সার ব্যবস্থাপনা উইং কর্তৃক আয়োজন করার জন্য প্রস্তাব করেন। এ সংক্রান্ত বিষয়ে সংস্থাপন বিভাগের সহযোগিতা প্রদানেরও আশ্বাস দেওয়া হয়।</td>
<td>সেবাগ্রহিতা/অংশীজনদের নিয়ে নিন্মোক্তভাবে উইংভিত্তক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়:
<table>
<tr><td>ক্র. নং</td><td>উইং/বিভাগের নাম</td><td>বাস্তবায়নের সময়</td></tr>
<tr><td>০১.</td><td>বীজ ও উদ্যান উইং মহাব্যবস্থাপক (বীজ)</td><td>২০ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে</td></tr>
<tr><td>০২.</td><td>ক্ষুদ্রসেচ উইং প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ )</td><td>১৮ মার্চ ২০২১ তারিখের মধ্যে</td></tr>
<tr><td>০৩.</td><td>সার ব্যবস্থাপনা উইং (মহাব্যবস্হাপক, সার ব্যবস্থাপনা)</td><td>২০ জুন ২০২১ তারিখের মধ্যে</td></tr>
</table>
উক্ত সময়সীমার মধ্যে সভা আয়োজন করে প্রমাণক হিসাবে সভার নোটিশ, ছবি/ভিডিও কার্যবিবরণীর কপি সংস্থাপন ও পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।</td>
<td>বীজ ও উদ্যান উইং (মহাব্যবস্থাপক (বীজ)/ক্ষুদ্রসেচ উইং(ক্ষুদ্রসেচ বিভাগ)/ সার ব্যবস্থাপনা উইং (সার ব্যবস্থাপনা বিভাগ)</td>
</tr>
</table>

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আনোয়ার ইমাম
সচিব, বিএডিসি


স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৩.০৫.০০১.১৯.১১০৪

তারিখ: ৫ আশ্বিন ১৪২৭
২০ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ/ অর্থ/ সার ব্যবস্থাপনা/ বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

২) .......................বিভাগীয় প্রধান (সকল) , বিএডিসি।
৩) যুগ্মপ্রধান, পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
৪) কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
৫) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
৬) সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, সচিবের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন



মোহাম্মদ জাকিরুল ইসলাম
যুগ্মপরিচালক